

নম্বর 202.22

নির্বাহী আদেশ

**দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত  
আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন**

**যেখানে,** 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

**যেখানে,** COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

**উপরন্তু এখনই,** গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গভর্নর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনূচ্ছেদ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 20 মে 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্বগিত করছি:

- ভূসম্পত্তি কর আইন বা রিয়েল প্রপার্টি ট্যাক্স ল (Real Property Tax Law), এবং অন্য কোনো অনুরূপ সাধারণ আইন বা বিশেষ আইনের অনূচ্ছেদ 5, যার 1 লা জুন 2020 তারিখে বা তার আগে একটি সম্ভাব্য অ্যাসেসমেন্ট রোল ফাইল করা আবশ্যিক ছিল, স্থানীয় কেন্দ্রে, অন্য কোথাও আলাদাভাবে অনুমোদনযোগ্য না হলে, তার পরের 30 দিন পর্যন্ত, সেই সম্ভাব্য এবং চূড়ান্ত অ্যাসেসমেন্ট রোল ফাইল করার অনুমতি দিতে, একটি অ্যাসেসমেন্ট ইউনিটকে সেই সম্ভাব্য অ্যাসেসমেন্ট রোল ফাইল করার অন্তত 21 দিন পরে অ্যাসেসমেন্টের অভিযোগগুলি শুনানির জন্য একটি তারিখ স্থির করতে, সম্ভাব্য রোলটি ফাইল করার বিজ্ঞপ্তি নিজে থেকে অনলাইনে ততদিন পর্যন্ত প্রকাশিত হওয়ার অনুমতি দিতে যতদিন না শুনানির অভিযোগগুলি স্পষ্টভাবে প্রদর্শিত হয়, সম্ভাব্য রোলটির সশরীরে অনুসন্ধান করা সঞ্চিত করতে, এবং স্থানীয় বোর্ড অফ অ্যাসেসমেন্ট রিভিউ কে কনফারেন্স কল বা সদৃশ পরিষেবার মাধ্যমে দূর থেকে অভিযোগগুলির শুনানি করার অনুমতি দেয়, যদি না অভিযোগকারীগণ তাদের অভিযোগগুলি এই ধরনের পরিষেবার মাধ্যমে উপস্থাপিত করতে পারেন এবং সাধারণ মানুষ এই ধরনের মোকদ্দমা দেখতে বা শুনতে পারেন;
- ভূসম্পত্তি কর আইন বা রিয়েল প্রপার্টি ট্যাক্স ল (Real Property Tax Law) এর সেক্ষন 1212, কমিশনার অফ ট্যাক্সেশন এবং ফাইন্যান্সকে স্টেটের চূড়ান্ত সমতাবিধান হার, ক্লাসের অনুপাত, এবং ক্লাসের সমতাবিধান হারগুলি প্রত্যয়িত করার অনুমতির প্রয়োজনীয় পরিসর অনুযায়ী, প্রয়োজন হলে,

সেই সমতাবিধানের হার, ক্লাসগুলির অনুপাত, এবং ক্লাসের সমতাবিধানের হারগুলি প্রযোজ্য হলে, যে কোনো পুরসভার করের স্তরের জন্য আইন দ্বারা স্থিরীকৃত শেষ তারিখের দশ দিনের মধ্যে;

- ভূসম্পত্তি কর আইন বা রিয়েল প্রপার্টি ট্যাক্স ল (Real Property Tax Law) এর সেকশন 1512(1) এবং ওয়েস্টচেস্টার কাউন্টির আইনের সেকশন 283.291 এবং 283.221, কাউন্টি এক্সিকিউটিভকে যে কোনো শহরের যে কোনো টাউন সুপারভাইজার বা মেয়রকে, একটি শতকরা কম হারে কর, বিশেষ অ্যাড ভালোরেম লেভি বা বিশেষ অ্যাসেসমেন্ট যা কোনো ভাবে 25 শে মে পরিশোধযোগ্য ছিল, তা স্বীকার করা শর্ত করে, যদি না কোনো পরিস্থিতিতে কোনো টাউন বা শহরকে ষাট শতাংশের বেশি পরিশোধ করার প্রয়োজন হয়। COVID-19 এর কারণে হওয়া প্রতিকূলতার জন্য সেই টাউন বা সিটির ক্ষেত্রে দেরি করে পেমেন্টের উপর জরিমানা বা সুদগুলি ওয়েভ করার ক্ষেত্রে কাউন্টি এক্সিকিউটিভের মানদণ্ডগুলি প্রযোজ্য হবে কিনা, কাউন্টি এক্সিকিউটিভকে তা নির্ধারণ করার ক্ষমতা দেওয়া হয়েছে।
- সেইসাথে, সেকশন 283.221 অনুযায়ী কাউন্টি বা কাউন্টি ডিস্ট্রিক্টের করগুলি দেরি করে পেমেন্টের জন্য জরিমানা, একটি টাউনের সুপারভাইজারের প্রয়োজনের পরিসরে, ওয়েস্টচেস্টার কাউন্টি আইনের সেকশন 283.221 অনুযায়ী 15 ই জুলাই, 2020 পর্যন্ত স্থগিত করা হয়েছে, এবং টাউন এবং টাউন ডিস্ট্রিক্ট ট্যাক্স এবং অ্যাসেসমেন্টগুলি দেরি করে পেমেন্ট করার জরিমানা ওয়েভ করা হয়েছে, যদি না COVID-19 এর কারণে সৃষ্ট প্রতিকূলতা নির্ণয়ের জন্য কাউন্টি এক্সিকিউটিভের মানদণ্ডগুলি সেই টাউনের ক্ষেত্রে প্রযোজ্য হয়।
- সেইসাথে, ওয়েস্টচেস্টার কাউন্টির মধ্যে একটি সিটির ভূসম্পত্তি কর আইন বা রিয়েল প্রপার্টি ট্যাক্স ল (Real Property Tax Law) এবং করের আইনের যে কোনো জরিমানার প্রবিধানের সেকশন 1512(1) অনুযায়ী কাউন্টি বা কাউন্টি ডিস্ট্রিক্টের করগুলি দেরি করে পেমেন্টের জন্য জরিমানা, একটি সিটির মেয়রের অনুমোদনের প্রয়োজনের পরিসরে, স্থগিত করা হয়েছে, এবং সিটি এবং সিটি ডিস্ট্রিক্ট ট্যাক্স এবং অ্যাসেসমেন্টগুলি দেরি করে পেমেন্ট করার জরিমানা সেই একই ভাবে ওয়েভ করা হয়েছে, যদি না COVID-19 এর কারণে সৃষ্ট প্রতিকূলতা নির্ণয়ের জন্য কাউন্টি এক্সিকিউটিভের মানদণ্ডগুলি সেই টাউনের ক্ষেত্রে প্রযোজ্য হয়।
- নাসাউ প্রশাসনিক আইনের (Nassau County Administrative Code) সেকশন 5-18.0(2), সেই কাউন্টিতে সুদ বা জরিমানা ছাড়া ভূসম্পত্তির উপর স্কুল ট্যাক্সের চূড়ান্ত অর্ধেক পরিশোধ করার শেষ তারিখ 1 লা জুন, 2020 পর্যন্ত সম্প্রসারিত করার ক্ষেত্রে নাসাউ কাউন্টি এক্সিকিউটিভের অনুমোদনের প্রয়োজনীয় পরিসরে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিন্সিপাল সীল সহ

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

এপ্রিল মাসের কুড়ি তারিখে এটি প্রদান

করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব